

## এসএসসি ও দাখিল পরীক্ষা আজ শুরু

নিম্নের প্রতিবেদক  
এসএসসি, দাখিল ও এসএসসি  
ডোকুমেন্টাল পরীক্ষা শুরু হচ্ছে আজ  
রবিবার। সারা দেশে দুই হাজার  
৯৪২টি কেন্দ্রে পরীক্ষা হবে। ১০  
শিকা বোর্ডে ১৪ লাখ ৩২ হাজার  
৭২৭ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। গত  
বছরের তুলনায় সংখ্যা বেড়েছে এক  
লাখ ২৯ হাজার ৫৫৪। গতকাল  
শনিবার সচিবালয়ে এক সংবাদ  
সম্মেলনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম  
নাহিদ এনব তথ্য জানান।  
উবিযাৎ প্রজন্মের অগ্রযাত্রায় বিরূপ  
প্রভাব পড়ে এমন কিছু না করার জন্য  
শিক্ষামন্ত্রী রাজনৈতিক দলসহ সবার  
প্রতি আহ্বান জানান। তিনি বলেন,  
গত বছর বিরোধী দলের কর্মসূচির  
কারণে শিক্ষার্থীরা ব্যাপক অনিচ্ছয়তা  
ও বিভ্রমনার মধ্যে পড়েছিল। পাঁচ  
দিন পরীক্ষা পেছাতে হয়েছিল।  
প্রশ্নপত্র ভাঁস ▶▶ পৃষ্ঠা ৮ ক. ৪

## এসএসসি ও দাখিল পরীক্ষা

▶▶ প্রথম পৃষ্ঠার পর  
যে বছর বাবলা দেওয়া হয়েছে উল্লেখ করে  
শিক্ষামন্ত্রী জানান, এ ব্যাপারে প্রয়োজনীয়  
নির্দেশনা জারি করা হয়েছে। কেউ স্বার্থ  
হাসিলের চেষ্টা করলে কঠোর ব্যবস্থা  
নেওয়া হবে। ইন্টারনেটে প্রশ্ন ভাঁস হয়েছে  
বলে যে খবর ছড়ানো হচ্ছে তার সঙ্গে  
বাহ্যিকের মিল নেই বলে তিনি জানান।  
এত দিন পরীক্ষার হলে পরীক্ষার্থীদের জন্য  
নিষিদ্ধ হলেও এবার শিক্ষক এবং  
পরিদর্শকদের জন্যও মোবাইল ফোন  
নিষিদ্ধ করা হয়েছে। কেবল কেন্দ্রসচিব  
মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন  
বলে জানানো হয়েছে।  
শিক্ষামন্ত্রী বলেন, নির্ধারিত সময়ে পরীক্ষা  
দেওয়া ও ফলাফল দেওয়ার সীমিত আয়ের  
চালু করছি। তবে এ বছর বিধি ইচ্ছাতমার  
কারণে ১ ডিসেম্বরের পরিবর্তে ৯  
ডিসেম্বর থেকে পরীক্ষা শুরু হচ্ছে। তা  
ছাড়া উপজেলা নির্বাচনের কারণে ১৮ ও  
২০ ডিসেম্বরের পরীক্ষার তারিখ বদলাতে  
হয়েছে। এ কারণে ১৩ মার্চ পরীক্ষা শেষ  
হওয়ার কথা থাকলেও শেষ হচ্ছে ২০  
মার্চ। তা সত্ত্বেও পূর্বসূচী অনুসারে  
পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যে  
অর্থাৎ ২০ মের মধ্যে ফল ঘোষণা করা  
হবে; যেন ১ জুলাই শিক্ষার্থীরা কলেজে  
ভর্তি হতে পারে।  
সংবাদ সম্মেলনে জানানো হয়, দশ  
শিকাবোর্ডের ১৪ লাখ ৩২ হাজার ৭২৭  
পরীক্ষার্থীর মধ্যে ছাত্র সাত লাখ ৩৩  
হাজার ২০২, আর ছাত্রী ছয় লাখ ৯৯  
হাজার ৫২৫। গত বছর ছিল ১৩ লাখ  
তিন হাজার ২০০ জন শিক্ষার্থী। এবার ২৭  
হাজার ৪৮৯টি শিক্ষাপ্রতিষ্ঠানের  
শিক্ষার্থীরা পরীক্ষা দেবে। গত বছর থেকে  
এবার ৪১৬টি শিক্ষাপ্রতিষ্ঠান এবং ১৮৪টি  
কেন্দ্র বেড়েছে। মোট পরীক্ষার্থীর মধ্যে  
অনিয়মিত হচ্ছে এক লাখ ৫৫ হাজার  
৯০৬ জন। আটটি বোর্ডের অধীনে  
এসএসসি পরীক্ষার্থী হচ্ছে ১০ লাখ ৯০  
হাজার ৫৫৫। দাখিলের পরীক্ষার্থী দুই  
লাখ ৩৯ হাজার ৭৪৯। কারিগরি  
শিকাবোর্ডের অধীনে এসএসসি  
ডোকুমেন্টাল এক লাখ দুই হাজার ৪২০  
জন শিক্ষার্থী পরীক্ষা দেবে।  
এবার বাংলা প্রথম ও দ্বিতীয় পত্র, ইংরেজি  
প্রথম ও দ্বিতীয় পত্র এবং গণিত ছাড়া  
বাকি ২১টি বিষয়ের পরীক্ষা সূজনশীল  
পদ্ধতিতে হবে। সূজনশীল প্রশ্ন সব বোর্ডে  
একই হবে। তবে পাঁচ বিষয়ের সনাতন  
প্রশ্ন বোর্ডভেদে আলাদা হবে। এবারও  
প্রতিবর্ষী পরীক্ষার্থীদের অতিরিক্ত ২০  
মিনিট সময় দেওয়া হবে।  
শিক্ষাসচিব কামদাস আবদুল নাসের  
চৌধুরী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক  
কাহিদা খাতুন, ঢাকা শিকাবোর্ডের  
চেয়ারম্যান অধ্যাপক তাপসিনা বেগম,  
যাজপা বোর্ডের চেয়ারম্যান আবুল কাশেম  
মিয়া প্রমুখ সংবাদ সম্মেলনে উপস্থিত  
ছিলেন।